Sl. No. 58

CS (MAIN) EXAM, 2010

D–DTN–K–CFB

BENGALI

Paper–II

(Literature)

Time Allowed : Three Hours	Maximum Marks : 300

INSTRUCTIONS

Candidates should attempt Question Nos. 1 and 5 which are compulsory, and any THREE of the remaining questions, selecting at least ONE question from each Section.

The number of marks carried by each question is indicated at the end of the question.

Answers must be written in Bengali.

Section—A

1. নিম্নলিখিত যে কোনো তিনটি অংশের প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন এবং নিম্নরেখ পংক্তিগুলি সম্বন্ধে টীকা রচনা করুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *200*) : 20×3=60

(a) সজনি মঝু পরিখন কর দূর।
কৈছে হৃদয় ধরি পন্থ হেরত হরি
সোঙরি সোঙরি মন ঝুর ।।

কোটি কুসুম শর বরিখয়ে যছুপর
তাহে কি জলদজল লাগি।
প্রেম দহন দহ যাক হৃদয় সহ
তাহে কি বজরক আগি ।।

Optional Province · optionalprovince.com

(b) গুণাধিক্যে স্বাদাধিক্য বাড়ে প্রতি রসে।
শান্ত দাস্য সখ্য বাৎসল্য গুণ মধুরেতে বৈসে ।।

(c) জগতের যত রাজা-মহারাজ
কাল ছিল যারা কোথা তারা আজ,
সকালে ফুটিছে সুখদুখলাজ—
টুটিছে সন্ধ্যাবেলা।

(d) কতকগুলো ছিন্নবিচ্ছিন্ন খণ্ড-বিখণ্ড দস্তুর-বাঁধা কাজের মধ্যে মনটা যখন লাফ দিয়ে দিয়ে বেড়ায় তখনি তার সুস্থ অবস্থা বলি, আর যখন সে একটা প্রবল আবেগ একটা বৃহৎ কর্মের মধ্যে একটা অহংবিস্মৃত ঐক্য লাভ করবার জন্যে ব্যাকুল হয়ে ওঠে তখন তাকে বলে পাগ্‌লামি। কিন্তু আমি তো মনে করি, মানুষের যথার্থ স্বাভাবিক অবস্থাই হচ্ছে সেই একটি প্রবল নিষ্ঠার মধ্যে সমস্ত জীবনটাকে ঐক্যবন্ধনে বদ্ধ করবার ইচ্ছা।

2. '' 'মেঘনাদবধ কাব্য' প্রাচীন মহাকাব্যের যুগোচিত পরিমার্জন।'' মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করুন। 60

3. 'চণ্ডীমঙ্গল'-এর ধূর্ত চরিত্রগুলির পরিচয় দিন। 60

4. 'কপালকুণ্ডলা' উপন্যাসে মতিবিবির স্থান ও প্রাসঙ্গিকতা বিচার করুন। 60

Optional Province · optionalprovince.com

Section—B

5. নিম্নলিখিত যে কোনো **তিনটি** অংশের প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন এবং নিম্নরেখ পংক্তিগুলি সম্বন্ধে টীকা রচনা করুন (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা *200*) : 20×3=60

(a) জঙ্গল কাটতে গিয়ে কত কথা মনে পড়ে, বসে বসে ভাবি। এই যে বনজঙ্গল দেখছেন, বড় ভাল জায়গা। ফুলের দল কত কাল থেকে ফুটছে আর পাখী ডাকছে, বাতাসের সঙ্গে মিলে দেবতারা পৃথিবীর মাটিতে পা দেন এখানে। টাকার লোভ, পাওনাদেনার কাজ যেখানে চলে সেখানকার বাতাস বিষিয়ে ওঠে। সেখানে ওঁরা থাকেন না। কাজেই এখানে দা-কুড়ুল হাতে করলেই দেবতারা এসে হাত থেকে কেড়ে নেন—কানে চুপি চুপি এমন কথা বলেন, যাতে বিষয়-সম্পত্তি থেকে মন অনেক দূরে চলে যায়।

(b) যা কিছু পাবার সব পেয়ে গেছি, এবং পেয়ে কচু হয়েছে—এ কথাটা অভদ্র রকমের সত্যি। আরো পাবো, এবং পেলে চারটে হাত নির্ঘাত গজাবে—এ আশাটাও শোচনীয় রকম মিথ্যে। অতীত ভবিষ্যৎ আজও বিপরীতমুখী—স্বপ্ন আছে বলেই। স্বপ্ন ফুরোলেই ভবিষ্যৎটাকে ভাঁজে মুড়ে অতীতের দিকে ফিরিয়ে দেওয়া যায়।

(c) অন্দর থেকে উঁকি দিয়ে বৈঠকখানায় দাস সাহেবকে সে অনেকবার দেখেছে। লজ্জায় তার সর্বাঙ্গ কুঁচকে যায়। এই মহাপুরুষটি তার স্বামীকে ট্রামে ঝোলার অবস্থা থেকে এই দামি মোটরে-চড়ার অবস্থায় এনেছেন। শ্বশুর ভাসুর ইত্যাদি গুরুজনের চেয়েও ইনি গুরুজন। ইনি দেবতার শামিল।

Optional Province · optionalprovince.com

(d) বিধাতা পুরুষ ঐতিহাসিক হলে
চেহারা লইয়া ঋতুরা পড়িত গোলে,
অম্লান তবে ফাগুন রহিত ব্যেপে।
পুরানো পাতারা ঝরিতে যাইত ভুলে,
কচিপাতাদের আঁকড়ি রহিত ঝুলে,
পুরাণ ধরিত কাব্যের টুঁটি চেপে।

6. 'রক্তকরবী' নাটকে সঙ্গীতের স্থান ও উপযোগিতা সম্পর্কে আলোচনা করুন। 60

7. 'গৃহদাহ' উপন্যাসের মহিম ও সুরেশ চরিত্রের তুলনামূলক আলোচনা করুন। 60

8. 'আরণ্যক' উপন্যাসের নায়ক প্রকৃতি-প্রেমিক কিন্তু প্রকৃতিকে ধ্বংস করা ছাড়া তার কোনো উপায় থাকল না—এর পিছনে ঔপন্যাসিকের ভাব-পরিকল্পনাটি বিশ্লেষণ করুন। 60

★ ★ ★

Optional Province · optionalprovince.com